# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোনঃ ৮৮-০২-৯৫৫৫১৩৩ | Phone: 88-02-9555133
ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৫১০৭৩ | Fax: 88-02-9551073

সচিবালয়

ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০


স্মারক নং -৭২-পাউবো(সচি)/বোর্ড-২

তারিখঃ ০৮ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ
২১ এপ্রিল, ২০১৯ খ্রিষ্টাব্দ

## দপ্তরাদেশ

গত ২০ মার্চ, ২০১৯ খ্রিঃ/ ০৬ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ তারিখ হতে নির্বাহী প্রকৌশলীর দপ্তর, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, ৯ম তলা, মতিঝিল, ঢাকায় একটি 'বন্যা তথ্য কেন্দ্র' খোলা হয়েছে। উক্ত দপ্তরের নির্বাহী প্রকৌশলী তথ্য কেন্দ্রের সামগ্রিক দায়িত্বে নিয়োজিত আছেন। বন্যা তথ্য কেন্দ্রের কার্যক্রম আগামী ১৫ অক্টোবর, ২০১৯ খ্রিঃ/ ৩০ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ পর্যন্ত চলবে।

ক) 'বন্যা তথ্য কেন্দ্র' হতে বাংলাদেশের বিভিন্ন স্থানের পানি সমতল এবং বৃষ্টিপাত সম্বলিত সর্বশেষ দৈনিক তথ্য এবং বন্যা পূর্বাভাস বাংলাদেশ সরকার ও বাপাউবো'র সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ও বিভিন্ন গণমাধ্যমকে অবহিতকরণ অব্যাহত রয়েছে।

খ) এ কেন্দ্র ২০ মার্চ হতে ১৫ মে এবং ১ অক্টোবর হতে ১৫ অক্টোবর পর্যন্ত সরকারী ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে। এছাড়া, ১৬ই মে হতে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত সরকারী ছুটির দিনসহ খোলা থাকবে। বিশেষ প্রয়োজনে দিবা-রাত্রী ২৪ ঘন্টাও খোলা রাখা হবে।

গ) বন্যা তথ্য কেন্দ্র সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পর্যায়ক্রমে একজন উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/সহকারী প্রোগ্রামার ডিউটি অফিসার হিসেবে তথ্য কেন্দ্রের সার্বক্ষণিক দায়িত্বে নিয়োজিত থাকবেন। এ ছাড়া একজন ডাক বাহক, দুইজন টিসিও/টিপিও ও একজন অফিস সহায়ক নিজ নিজ কাজে নিয়োজিত থাকবেন।

ঘ) যদি কোন কারণে গেজ স্টেশনের বেতার যন্ত্র খারাপ থাকে তবে সংশ্লিষ্ট টিসিও/টিপিও/গার্ডগণ নিকটস্থ পানি উন্নয়ন বোর্ডের উপ-বিভাগীয় প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলীর অফিস হতে টেলিফোনযোগে বন্যা পূর্বাভাস কেন্দ্রে তথ্যাদি পৌঁছানোর ব্যবস্থা নিবেন। এ বিষয়ে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

ঙ) মাঠ পর্যায়ে যথাযথভাবে উপাত্ত সংগ্রহ/প্রেরণ করা হচ্ছে কী-না তা নিকটস্থ পানি উন্নয়ন বোর্ডের উপ-বিভাগীয় প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ তদারকী করবেন এবং কোন কারণে কোন স্টেশনের গেজপাঠক/টিসিও/টিপিও অনুপস্থিত থাকলে তা জাতীয় গুরুত্বপূর্ণ দায়িত্ব বিবেচনায় ওই সকল স্টেশনের উপাত্ত টেলিফোন/ফ্যাক্সের মাধ্যমে বন্যা তথ্য কেন্দ্রে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

**চ) বন্যা তথ্য কেন্দ্রের যোগাযোগের জন্য টেলিফোন, ইমেইল ও অন্যান্য তথ্য নিম্নে দেয়া হলঃ-**

| | |
|---|---|
| টেলিফোন নম্বর | ঃ ৯৫৫০৭৫৫ বন্যা তথ্য কেন্দ্র |
| | ঃ ৯৫৫৩১১৮ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র |
| ফ্যাক্স | ঃ ৯৫৫৭৩৮৬ |
| ই-মেইল | ঃ ffwc@bwdb.gov.bd, ffwc05@yahoo.com, ffwcbwdb@gmail.com, |
| **Website** | ঃ **http://www.ffwc.gov.bd** |

ছ) উপাত্ত প্রেরণ নিশ্চিত করার লক্ষ্যে বিশেষ ব্যবস্থাধীনে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রে মোবাইল ফোন নং-০১৭৮৭ ৬৪৯ ৭৮৮ এবং ০১৭৮৭ ৬৪৯ ৭৯৯ চালু থাকবে (শুধু উপাত্ত সংগ্রহের জন্য)।

জ) ঘূর্ণিঝড়ের সময় এ কেন্দ্র ঘূর্ণিঝড় তথ্য কেন্দ্র হিসেবেও কাজ করবে এবং নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো, লিয়াজোঁ অফিসার হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষের সঙ্গে যোগাযোগ রক্ষা করবেন।

ঝ) বিভিন্ন জেলার ডেপুটি কমিশনারগণ, থানা নির্বাহী কর্মকর্তাগণ এবং যে কোন সরকারী/আধাসরকারী/এনজিও কর্মকর্তা ফ্লাড বুলেটিন গ্রহণ করতে আগ্রহী হলে তাঁদের স্ব স্ব E-mail address বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রে জানানো সাপেক্ষে বুলেটিন সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঞ) যে কোন মোবাইল অপারেটর হতে ১০৯০-৫ ডায়াল করে বিনামূল্যে এবং যেকোন এনড্রয়েড মোবাইল ফোনে BWDB Flood Apps নামক তথ্যবহুল অ্যাপের মাধ্যমে বন্যা বার্তাসমূহ পাওয়া যাবে।

২। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এই আদেশ জারী করা হলো।

২১/০৪/২০১৯
(আব্দুল খালেক)
সচিব
বাপাউবো, ঢাকা।
secretary@bwdb.gov.bd

ডায়েরী নং ৫০৩৫
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
তারিখঃ ২৫/৪/১৯
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-



C:\Users\user\Desktop\flood circular 19\Flood Circular.docx

**স্মারক নং -৭২-পাউবো(সচি)/বোর্ড-২** তারিখঃ ০৮ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ
২১ এপ্রিল, ২০১৯ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২. সিনিয়র সচিব, দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৩. সচিব,পানি সম্পদ মন্ত্রণালয়,গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৪. সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৫. সচিব, খাদ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৬. সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৭. সচিব, রেলপথ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৮. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৯. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
১০. সচিব, তথ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
১১. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
১২. প্রধানমন্ত্রীর দপ্তরের মনিটরিং সেল, প্রধানমন্ত্রীর কার্যলয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
১৩. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৪. মহাপরিচালক, ওয়ারপো, ঢাকা।
১৫. সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ, ঢাকা।
১৬. মহাপরিচালক, বাংলাদেশ বেতার/ বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
১৭. চেয়ারম্যান, স্পারসো, আগারগাঁও, ঢাকা।
১৮. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ অর্থ/ পরিকল্পনা/ পশ্চিম রিজিওন /পূর্ব রিজিওন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৯. পরিচালক, আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২০. প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা/ পওর, বাপাউবো, ঢাকা/ প্রধান মনিটরিং, বাপাউবো, ঢাকা/ প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা/ উওর পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা/দক্ষিন পূর্বাঞ্চল, বাপাউবো, চট্রগ্রাম/দক্ষিণ পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর / দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল/উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর / উত্তর পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
২১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল/ ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেল, রিভার মারফলজী ও রিসার্চ সার্কেল, বাপাউবো, ঢাকা।
২২. সচিব, বাপাউবো, ঢাকা।
২৩. পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান সার্কেল, পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
২৪. পরিচালক, কার্যক্রম/ জনসংযোগ/ সওয়া/ কল্যাণ/ অর্থ/ পরিদপ্তর,বাপাউবো, ঢাকা।
২৫. চীফ স্টাফ অফিসার টু ডিজি, বাপাউবো, ঢাকা।
২৬. সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, বাপাউবো, ঢাকা।
২৭. প্রধান বার্তা সম্পাদক/বার্তা সম্পাদক........................................................................, ঢাকা।
(বন্যা তথ্য সম্বলিত বার্তা প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।)
২৮. জনাব....................................................................................................

২১/৪/১৯

এস এম হুমায়ূন কবীর
উপ-সচিব (বোর্ড)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা
ফোন-৯৫১ ৪৩১৮।



C:\Users\user\Desktop\flood circular 19\Flood Circular.docx